মুজিবনগরের মোনাখালীতে গণসংযোগ করেন আ.লীগ নেতা মান্নান

আগামী জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগের সম্ভাব্য প্রার্থী হিসেবে মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামে গণসংযোগ করেছেন জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান।

আজ বুধবার বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত দলীয় নেতাকর্মীদের নিয়ে এ গণসংযোগ করেন। এসময় তিনি আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে কুশল বিনিময় করেন। গনসংযোগকালে শ্রমিক লীগ নেতা মোস্তাফিজুর রহমান বাবুল উপস্থিত ছিলেন।

মেহেরপুরের উজলপুর ও মনোহরপুরে আ.লীগ নেতা মান্নানের গণসংযোগ

আগামী জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আওয়ামী লীগের সম্ভাব্য প্রার্থী হিসেবে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের উজলপুর ও মনোহরপুর গ্রামে গণসংযোগ করেছেন জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান।

গতকাল শুক্রবার সন্ধ্যায় তিনি দলীয় নেতাকর্মীদের নিয়ে এ গণসংযোগ করেন। এসময় তিনি আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে কুশল বিনিময় করেন। গনসংযোগকালে শ্রমিক লীগ নেতা মোস্তাফিজুর রহমান বাবুল উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

আলমডাঙ্গায় শীর্ষ মাদক বিক্রেতা বোমা কালাম গাঁজাসহ গ্রেপ্তার

৫’শ গ্রাম গাঁজাসহ আলমডাঙ্গা উপজেলার বেলগাছি এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী আবুল কালাম ওরফে বোমা কালাম (৪৫) কে আটক করেছে পুলিশ।

আটকৃত আবুল কালাম বেলগাছি মালিথা পাড়ার সাহেব আলী মালিথার ছেলে। সোমবার আলমডাঙ্গা থানা পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে আটক করে।

সে আঞ্চলিক ভাবে বোমা কালাম হিসেবে পরিচিত থাকলেও বর্তমানে সে শীর্ষ মাদকদ্রব্য গাঁজা ব্যবসায়ী নাম খ্যাতি অর্জন করেছে। তার বিরুদ্ধে আলমডাঙ্গা সহ বিভিন্ন থানায় একাধিক মাদক সহ বিভিন্ন মামলা রয়েছে।

পুলিশ সূত্রে জানাগেছে, উপজেলার বেলগাছি ইউনিয়নের মালিথা গ্রামের আবুল কালাম ওরফে বোমা কালাম। সে দীর্ঘদিন যাবৎ মাদকদ্রব্য গাঁজা বিক্রয় করে আসছে। ইতিপূর্বে আইনশৃঙ্খলা বাহিনী র্যাব, ডিবি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতর সহ আলমডাঙ্গা থানাপুলিশ তাকে একাধিকবার গ্রেপ্তার করে।

সে বেলগাছি সহ পার্শ্ববর্তী ডামোশ, কেদারনগর, কাশিপুর, ফরিদপুর, এরশাদপুর ছাড়াও পৌর এলাকার বিভিন্ন এলাকায় খুচরা ও পাইকারি গাঁজা বিক্রয় করে। কালামের অনুপস্থিতিতে তার স্ত্রী মাদকদ্রব্য গাঁজা বিক্রয়ের হাল ধরে।

এসুত্রে আলমডাঙ্গা থানাপুলিশ গোপন সংবাদের ভিত্তিতে বেলগাছি শীর্ষ মাদক ব্যবসায়ী আবুল কালামের বাড়িতে অভিযান পরিচালনা করে। পুলিশ কালামের বাড়ির পাশের আম বাগান থেকে তাকে আটক করে। কালামের তথ্যমতে ৫’শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

দামুড়হুদায় বিশ্ব পরিবেশ দিবস পালন

দামুড়হুদায় বিশ্ব পরিবেশ দিবস-২০২৩ উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও বৃক্ষ রোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বেলা ১১টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে দিবসটি পালিত হয়। এবারের প্রতিপাদ্য ছিল “প্লাস্টিক দূষণ সমাধানে, সামিল হই সকলে” এবং এবারের স্লোগান ছিল “সবাই মিলে করি পণ, বন্ধ হবে প্লাস্টিক দূষণ।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ: করিম বিশ্বাস, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু প্রমূখ।

আহারে!গরম -পারভীন আকতার

ইচ্ছে করে পুকুর নদীর জলে
ডুবে থাকি রাত দিন,
সবুজ শ্যাওলা জল ছলছলে
হারিয়ে দিক রুদ্র দিন।

বৃক্ষদেবীর পাতার আঁচলে নেই
ঝিরিঝিরি সেই হাওয়া,
গরম ভাপে পুড়ে ছারখার সবে

ছেড়েছে খাওয়া দাওয়া।

শরীরখানায় ঝরছে ঘাম সেথা মাথা হতে পায়ের তালু,
কাপড় ভিজে ছোপ ছাপ ফেলে বৃষ্টি নামুক জাঁকালো।

মাঝে মাঝে কালবৈশাখী ঝড় এলোমেলো করে ভূ তল, ঘুটঘুটে অন্ধকারে ভ্যাপসা গরম
হয় না তনু ঠান্ডা শীতল।

যেদিকে যাই আগুন ঝলসে
গরম গরম ভাবখানা,
টাকার গরম,জাতের গরম
কষ্টে মরছে জান খানা।

নানা অভিধায়ে চেনা মানুষ বাবলু

বাগবুল ইসলাম বাবলু। ১৯৭১ সালে দেশ স্বাধীনের বীর মুক্তিযোদ্ধা। স্বাধীনতা পরবর্তী ছিলো বৈরী সময়, ঘর, প্রতিকুল পরিস্থিতি। তবুও তিনি কাজ করেছেন এলাকার জন্য। বিশেষ করে শিক্ষা বিস্তারে তার অবদান অনস্বীকার্য। বাগবুল ইসলাম বাবলুকে নানা অভিধায় মানুষ চিনতো, জানতো। বাবলু বাহিনী প্রধানের তকমা জুটেছিলো। শ্রেণিশত্রু ক্ষতমের অপরাজনীতিতেও জড়িয়েছিলেন। মূলত তার বিরোধী বাহিনী রোধ করার প্রয়োজনে। এর ওপরেও সবকিছু ছাপিয়ে তার মানবিক গুণাবলী বিকাশ হয়েছিলো কিছু মহৎ কর্মকাণ্ডের মধ্য দিয়ে।

জাসদের গণবাহিণীর রাজনীতিতে বাবলু স্থানীয় পর্যায়ে নেতৃত্ব দিয়েছেন। পরে ৯০ দশকে স্বাভাবিক রাজনীতিতে এসে মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনে অংশ নিয়ে চেয়ারম্যান নির্বাচিত হন। পরবর্তীতে সন্ত্রাস কবলীত জনপদে পূর্ববাংলা কমিউনিস্ট পার্টির উৎপাত প্রতিরোধে তিনি ওয়ার্কার্স পার্টিতে সম্পৃক্ত হন। এলাকায় সশস্ত্র্র বাহিনী গড়ে তোলেন। পেছন

থেকে স্থানীয় প্রশাসন তাকে সহযোগিতা করেন। দক্ষিণ পশ্চিমাঞ্চলে তখন একটি আতংকিত নাম হয়ে ওঠে বাগবুল ইসলাম বাবলু। ৯৬এর জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ ক্ষমতায় এসে তৎকালীন স্বরাস্ট্র মন্ত্রীর কাছে অস্ত্র জমা দিয়ে ফের স্বাভাবিক জীবনে ফিরে এসে স্থানীয় রাজনীতিতে সক্রিয় হন। এবং দু‘বার তিনি চেয়ারম্যান নির্বাচিত হন।

বাগবুল ইসলাম বাবলু ২০০২ সালের আজকের দিনে (১৩ মার্চ) মেহেরপুর শহরে ভাড়া বাড়িতে প্রতিপক্ষের গুলিতে খুন হন। বাগবুল ইসলাম এই দ্বন্দ্ববিক্ষুব্ধ অঞ্চলে এবং ভয়াল পরিস্থিতির মধ্যেও মহাজনপুর কলেজসহ একাধিক শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন। যা চিরকাল তার স্মৃতিসংরক্ষণ করবে। তার ক্রমবর্ধমান জনপ্রিয়তায় তাকে তার বিরোধীপক্ষের রোষানলে ফেলেছিলো। তিনি মহাজনপুর ইউনিয়ন পরিষদে দু‘বার চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন। একজন জনপ্রতিনিধি হিসেবেই তিনি জনহিতকর নানা কাজ সম্পাদন করেছিলেন।

মহাজনপুর কলেজের অবসরপ্রাপ্ত শিক্ষক শামীম জাহাঙ্গীর সেন্টু বাবলু প্রসঙ্গে বলেন- এলাকায় শিক্ষা বিস্তারে তিনি উদ্যোগি হয়েছিলেন এই অর্থেই যে- শিক্ষিত জনগোষ্ঠি একদিন এলাকায় সর্বপ্রকার নেতিবাচক রাজনীতিকে প্রতিহত করে এলাকায় শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠায় ব্রতী হবেন। তিনি কতটুকু করতে সক্ষম হয়েছিলেন এলাকাবাসী চিরকাল স্মরণে রাখবে। তার শূন্যতায় এখন এলাকার মানুষ তার অভাব মর্মে মর্মে অনুভব করছে। তার প্রতিষ্ঠিত মহাজনপুর কলেজ, কোমরপুর মাধ্যমিক বিদ্যালয়, মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয়, একটি প্রাথমিক বিদ্যালয় ও একটি মাদ্রাসা থেকে সন্ত্রাস কবলিত, জেলার অজ পাড়া গাঁয়ের মানুষ সু‘শিক্ষায় শিক্ষিত হচ্ছে।

শিক্ষকরা হচ্ছে মানুষ গড়ার কারিগর। শিক্ষক ছাড়া উন্নত সমাজ ও উজ্জল জীবন কল্পনাতীত। সমাজের একজন বিপথগামি মানুষ বাবলু সমাজ পরিবর্তনে শিক্ষার প্রয়োজন অনুভব করেছিলেন তা গবেষণার বিষয় বৈ কী।

গাংনীর গাড়াবাড়িয়াতে এমপি সাহিদুজ্জামানের গণসংযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে গনসংযোগ করেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকন।

সোমবার বিকালে গাড়াবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলজার হোসেনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন। অনুষ্ঠানে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাবেক ত্রাণ বিষয়ক সম্পাদক মিজানুর রহমান রানা, সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ফারুক হোসেনসহ আওয়ামী লীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন গ্রামের বিভিন্ন মানুষের সাথে গণসংযোগ করেন এবং আগামী জাতীয় সংসদ নির্বাচনে উন্নয়নের ধারা অব্যহত রাখতে নৌকায় মার্কায় ভোট প্রার্থনা করেন।

ঝিনাইদহের সাবেক এমপি মশিউর রহমানের বর্ণাঢ্য জীবনের অবসান

বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা ও ঝিনাইদহ-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ মশিউর হমান আর নেই (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন)। মঙ্গলবার বেলা ১১টার দিকে ঝিনাইদহ শহরের গীতাঞ্জলী সড়কের নির্জন বাসার দরজা ভেঙ্গে তার মৃতদেহ উদ্ধার করে পরীক্ষার জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক ডাঃ ছোঁয়া ইসরাইল স্বজনদের জানান অনেক

[redacted]

[redacted]